[illegible]
২০৫ প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন: ৫৫১৬৭৭২০, ৯৬৬১৯২০-৭০ /৪০৬০
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২
ই-মেইল: du.inspector@gmail.com, vcoffice@du.ac.bd

ঢাকা বিশ্ববিদ্যালয়

Office of the Inspector of Colleges
205 Administrative Building
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167720, 9661920-70 /4060
Fax: 88-02-9667222
E-mail: du.inspector@gmail.com, vcoffice@du.ac.bd

স্মারক নং : ৭৩/বি.প.

তারিখ: ২২ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
০৬ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

অধ্যক্ষ
কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ
মির্জাপুর, টাংগাইল।

মহোদয়,

পরিদর্শন কমিটি ও ডিনস কমিটির (০৪ আষাঢ় ১৪৩০/১৮ জুন ২০২৩) সুপারিশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেটে রিপোর্ট সাপেক্ষে আপনার কলেজের ২০২১-২০২২ শিক্ষাবর্ষ থেকে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ পর্যন্ত অধিভুক্তি নবায়ন ও পূর্ব অনুমোদন অনুযায়ী এমবিবিএস প্রোগ্রামে ১২০(একশত বিশ)টি আসনে এবং 'ডেন্টাল ইউনিটে' বিডিএস প্রোগ্রামে ৪০(চল্লিশ)টি আসনে শিক্ষার্থী ভর্তির অনুমতি প্রদান করা হয়েছে। তবে কলেজ কর্তৃপক্ষকে নিম্নলিখিত শর্তসমূহ অবশ্যই পূরণ করে জানাতে হবে :

## শর্তসমূহ

১। অনুমোদিত আসনের অতিরিক্ত কোনো শিক্ষার্থী ভর্তি করা যাবে না।

২। অধ্যক্ষের নেতৃত্বে কলেজের সিনিয়র শিক্ষক ও মাননীয় উপাচার্য কর্তৃক মনোনীত গভর্নিংবডির ২(দুই) জন শিক্ষানুরাগী সদস্যকে অন্তর্ভুক্ত করে কমপক্ষে ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট একটি ভর্তি কমিটি গঠন করতে হবে। ভর্তির জন্য আবেদনকারী শিক্ষার্থীদের মধ্য থেকে মেধার ভিত্তিতে ভর্তি কমিটি কর্তৃক নির্বাচিত তালিকা অনুযায়ী শিক্ষার্থী ভর্তি করতে হবে।

৩। মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির সংশিষ্ট নীতিমালা অনুসরণ করে ১(এক) জন শিক্ষার্থীকে মুক্তিযোদ্ধা কোটায় ভর্তি করতে হবে। আর্থিকভাবে অস্বচ্ছল শতকরা ৫(পাঁচ) জন শিক্ষার্থীকে সরকারি মেডিকেল কলেজের অনুরূপ খরচে অধ্যয়নের সুযোগ নিশ্চিত করতে হবে।

৪। কলেজে অধ্যয়নরত শিক্ষার্থীদের যথাযথ শিক্ষাদানের জন্য কলেজে কর্মরত শিক্ষক সংখ্যা অপ্রতুল। ফলে শিক্ষার্থীরা যথাযথ শিক্ষা গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে। এমতাবস্থায় নিম্নলিখিত বিষয়সমূহের পার্শ্বে বর্ণিত সংখ্যক শিক্ষক নিয়োগ করে অবহিত করতে হবে :

| | | |
|---|---|---|
| এনাটমি | - সহযোগী অধ্যাপক | - ১জন |
| | - সহকারী অধ্যাপক | - ১জন |
| | - কিউরেটর | - ১জন |
| ফিজিওলজি | - সহযোগী অধ্যাপক | - ১জন |
| | - সহকারী অধ্যাপক | - ১জন |
| বায়োকেমিষ্ট্রি | - সহযোগী অধ্যাপক | - ১জন |
| | - প্রভাষক | - ৩জন |
| কমিউনিটি মেডিসিন | - সহযোগী অধ্যাপক | - ১জন |
| | - সহকারী অধ্যাপক | - ২জন |
| | - প্রভাষক | - ৫জন |
| ফরেনসিক মেডিসিন | - অধ্যাপক | - ১জন |
| | - সহকারী অধ্যাপক | - ২জন |
| | - প্রভাষক | - ৩জন |
| প্যাথলজি | - সহকারী অধ্যাপক | - ২জন |
| | - কিউরেটর | - ১জন |
| | - প্রভাষক | - ৪জন |
| মাইক্রোবায়োলজি | - সহকারী অধ্যাপক | - ২জন |
| | - প্রভাষক | - ৩জন |
| ফার্মাকোলজি | - সহকারী অধ্যাপক | - ১জন |
| | - প্রভাষক | - ৩জন |
| মেডিসিন | - সহযোগী অধ্যাপক | - ১জন |
| সার্জারী | - সহযোগী অধ্যাপক | - ২জন |
| গাইনী এন্ড অবস | - সহযোগী অধ্যাপক | - ১জন |

কলেজের ডেন্টাল ইউনিটে বিডিএস প্রোগ্রামে শিক্ষার্থীদের যথাযথ শিক্ষাদানের জন্য নিম্নলিখিত বিষয়ের পার্শ্বে বর্ণিত সংখ্যক শিক্ষক নিয়োগ করে জানাতে হবে :

| | | |
|---|---|---|
| এনাটমি উইথ হিস্টোলজি | - অধ্যাপক/সহযোগী অধ্যাপক | - ১জন |
| | - সহকারী অধ্যাপক | - ২জন |
| | - প্রভাষক | - ৩জন |
| ডেন্টাল এনাটমি | - অধ্যাপক/সহযোগী অধ্যাপক | - ১জন |
| | - সহকারী অধ্যাপক | - ১জন |
| | - প্রভাষক | - ২জন |

ইক ভবন
বিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ
৫১৬৭৭২০, ৯৬৬১৯২০-৭০ /৪০৬০
: ৮৮-০২-৯৬৬৭২২২
মেইল: du.inspector@gmail.com, vcoffice@du.ac.bd

205 Administrative Building
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167720, 9661920-70 /4060
Fax: 88-02-9667222
E-mail: du.inspector@gmail.com, vcoffice@du.ac.bd



| | | |
|---|---|---|
| ফিজিওলজি উইথ বায়োকেমিস্ট্রি | - সহযোগী অধ্যাপক | - ১জন |
| | - সহকারী অধ্যাপক | - ১জন |
| | - প্রভাষক | - ৩জন |
| সায়েন্স অব ডেন্টাল মেটেরিয়ালস | - সহযোগী অধ্যাপক | - ১জন |
| | - সহকারী অধ্যাপক | - ১জন |
| | - প্রভাষক | - ২জন |
| জেনারেল অ্যান্ড ডেন্টাল ফার্মাকোলজি | - সহযোগী অধ্যাপক | - ১জন |
| | - সহকারী অধ্যাপক | - ১জন |
| | - প্রভাষক | - ১জন |
| প্যাথলজি এন্ড মাইক্রোবায়োলজি | - সহকারী অধ্যাপক | - ১জন |
| | - প্রভাষক | - ৩জন |
| ওরাল প্যাথলজি এন্ড পেরিওডন্টোলজি | - সহযোগী/সহকারী অধ্যাপক | - ১জন |
| | - প্রভাষক | - ২জন |
| প্রস্থডনটিক্স | - সহযোগী/সহকারী অধ্যাপক | - ১জন |
| | - প্রভাষক | - ২জন |
| অর্থোডনটিক্স | - প্রভাষক | - ২জন |
| কনজারভেটিভ ডেন্টিষ্ট্রি এন্ড এনডোডন্টিক্স | - প্রভাষক | - ২জন |
| ওরাল এন্ড ম্যাক্সিলোফেসিয়াল সার্জারী | - প্রভাষক | - ২জন |
| ডেন্টাল পাবলিক হেলথ | - প্রভাষক | - ২জন |

দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদানের মাধ্যমে বিএমএন্ডডিসির নীতিমালা অনুযায়ী সরকারি মেডিকেল কলেজের অনুরূপ শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের নিকট থেকে দরখাস্ত আহবান করে গভর্নিংবডির সভায় গঠিত নির্বাচনী কমিটির সুপারিশের ভিত্তিতে গভর্নিংবডি কর্তৃক উক্ত শিক্ষক নিয়োগ করতে হবে। শিক্ষক নিয়োগ কমিটিতে চিকিৎসা অনুষদের ডিন ও মাননীয় উপাচার্য কর্তৃক মনোনীত ১(এক) জন প্রতিনিধি অবশ্যই থাকতে হবে। শিক্ষকমন্ডলীতে ৬৫(পঁয়ষট্টি) বৎসরের উর্ধ্বে বয়স্ক ব্যক্তিকে পূর্ণকালীন শিক্ষক হিসাবে রাখা বা নিয়োগ করা যাবে না।

৫। পূর্ণকালীন শিক্ষকদের এই মর্মে অঙ্গীকার করতে হবে যে, তিনি অন্যকোনো প্রতিষ্ঠানে যুগপৎভাবে নিয়োগপ্রাপ্ত নন। কলেজে কর্মরত সকল শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীদের ব্যাংক হিসাবের মাধ্যমে বেতন ভাতা প্রদান অব্যাহত রাখতে হবে।

৬। বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিলের (বিএমএন্ডডিসি) নীতিমালা অনুযায়ী কলেজের হাসপাতালে চিকিৎসা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী ব্যক্তিকে রেজিস্ট্রার পদে নিয়োগ দিতে হবে।

৭। কলেজের হাসপাতালে বিভিন্ন রোগের রোগী ভর্তি করে তাদের ফলপ্রসু চিকিৎসার ব্যবস্থা নিশ্চিত করতে হবে। হাসপাতালে ন্যূনপক্ষে শতকরা ১৫(পনের) জন রোগীকে বিনা খরচে চিকিৎসার ব্যবস্থা নিশ্চিত করতে হবে। বিনা খরচে রোগীদের চিকিৎসার তালিকা আলাদাভাবে সংরক্ষণ করতে হবে। হাসপাতালের বেড অকুপেন্সি রেট কমপক্ষে ৭০%-এ উন্নীত করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। স্বাস্থ্যসম্মত পদ্ধতিতে হাসপাতালের বর্জ্য অপসারণের ব্যবস্থা থাকতে হবে।

৮। কলেজে রেডিওলজি (ক্যান্সার চিকিৎসা) বিভাগে ক্যান্সার চিকিৎসা ২০১১ সাল থেকে বন্ধ আছে। বর্তমানে জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে ক্যান্সার আক্রান্ত রোগীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় উক্ত বিভাগের কার্যক্রম জরুরিভাবে চালু করতে হবে।

৯। শিক্ষার্থীদের বাস্তব জ্ঞান অর্জনের সুযোগ সৃষ্টির লক্ষে ২:১ অনুপাতে ডেন্টাল ইউনিটের ব্যবস্থা করতে হবে। ডেন্টাল ইউনিটের আউটডোর সার্ভিস সার্বক্ষনিক চালু রাখার ব্যবস্থা করতে হবে। কলেজের ডেন্টাল ইউনিটের জন্য নিজস্ব গ্রন্থাগার এবং ল্যাবরেটরিগুলিতে প্রয়োজনীয় যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি সংগ্রহ করে সজ্জিত করতে হবে।

১০। বিদেশী শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে সিলেকশন কমিটির মাধ্যমে তাদের সার্টিফিকেট যাচাই-বাছাই করে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তিকৃত বিদেশী শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য পাসপোর্ট, ভিসা, এনআইডি এবং উভয় দেশের আইন শৃঙ্খলা বাহিনী কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের ফটোকপি রেজিস্ট্রার দপ্তরে জমা দিতে হবে।

১১। বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিলের (বিএমএন্ডডিসি) নীতিমালা অনুযায়ী কলেজের হাসপাতালে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী ব্যক্তিকে রেজিস্ট্রার/সহকারী রেজিস্ট্রার পদে নিয়োগ দিতে হবে।

১২। কলেজে অধ্যয়নরত শিক্ষার্থীদের বিএমএন্ডডিসি'র নিবন্ধন কার্য যথাসময়ে সম্পন্ন করতে হবে।

১৩। কলেজে স্নাতকোত্তর ডিগ্রিধারী শিক্ষকের বিশেষ করে বেসিক সাইন্স বিষয়সমূহের শিক্ষকের সংকট নিরসনের লক্ষ্যে নবীন শিক্ষকদের উচ্চতর ডিগ্রি অর্জনের সহায়তা দানের ব্যবস্থা হিসাবে তাঁদেরকে শিক্ষা ছুটি প্রদানের ব্যবস্থা অব্যাহত রাখতে হবে।

১৪। কলেজটিকে কোনক্রমেই লাভজনক প্রতিষ্ঠান হিসাবে বিবেচনা করা যাবে না। কলেজের যাবতীয় আয়-ব্যয় কলেজের নামে ব্যাংক হিসাবের মাধ্যমে পরিচালনা করতে হবে। উক্ত ব্যাংক হিসাব কলেজ গভর্নিংবডির চেয়ারম্যান ও অধ্যক্ষের যৌথ স্বাক্ষরে পরিচালিত হতে হবে।

১৫। কলেজের সংরক্ষিত তহবিল ১,৫০,০০,০০০/- (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকায় উন্নীত করার শর্ত পূরণ হয়নি। চলতি (২০২২-২০২৩) শিক্ষাবর্ষের মধ্যে কলেজের সংরক্ষিত তহবিল ২,০০,০০,০০০/- (দুই কোটি) টাকায় উন্নীত করে যেকোনো রাষ্ট্রয়াত্ত্ব ব্যাংকে এফডিআর করতে হবে। সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষের নিকট থেকে এই মর্মে সার্টিফিকেট পেশ করতে হবে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের পূর্বানুমতি ব্যতীত এই এফডিআর ভাঙানো যাবে না।

মিনিক ভবন
শ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ
: ৫৫১৬৭৭২০, ৯৬৬১৯২০-৭০ /৪০৬০
ক্স: ৮৮-০২-৯৬৬৭২২২
ই-মেইল: du.inspector@gmail.com, vcoffice@du.ac.bd

205 Administrative Building
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167720, 9661920-70 /4060
Fax: 88-02-9667222
E-mail: du.inspector@gmail.com, vcoffice@du.ac.bd



১৬। সরকারি নির্দেশনা অনুযায়ী কলেজের হাসপাতালে বার্ন ইউনিট স্থাপন করে জানাতে হবে।

১৭। কলেজের গ্রন্থাগারে এমবিবিএস ও বিডিএস কোর্সের সর্বশেষ সংস্করণের মানসম্পন্ন আরও পাঠ্য পুস্তক ও সহায়ক পুস্তক সংগ্রহ করে গ্রন্থাগার সমৃদ্ধ করতে হবে। কলেজ গ্রন্থাগারসমূহে চিকিৎসা বিষয়ক কমপক্ষে ১০(দশ)টি আন্তর্জাতিকমানের জার্ণালের সাম্প্রতিক সংখ্যা সংগ্রহ অব্যাহত রাখতে হবে।

১৮। কলেজ গভর্নিংবডির বিশেষ সভা ব্যতীত বছরে কমপক্ষে ৪টি সভা অনুষ্ঠিত হতে হবে।

১৯। কলেজের জনবল কাঠামো এবং চাকুরী বিধি জমা দেয়ার শর্ত অদ্যাবধি পূরণ করা হয়নি। আগামী ৩(তিন) মাসের মধ্যে এই শর্ত পূরণ করে জানাতে হবে।

২০। প্রত্যেক অর্থ বছর সমাপ্তির ৩(তিন) মাসের মধ্যে কলেজের আয়-ব্যয়ের বার্ষিক বিবরণী এবং নিরীক্ষা রিপোর্ট প্রেরণ করতে হবে।

২১। পত্র প্রাপ্তির ৩(তিন) মাসের মধ্যে নিম্নলিখিত ডকুমেন্টস জমা দিতে হবে :

ক) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং বিএমএন্ডডিসির সর্বশেষ নবায়নপত্রের কপি;
খ) কলেজের একাডেমিক এবং হাসপাতাল ভবনের লে-আউট প্ল্যানের কপি;
গ) কলেজের একাডেমিক এবং হাসপাতাল ভবনের মোট ফ্লোর স্পেস;
ঘ) ব্যাংক হিসাবের মাধ্যমে কলেজে কর্মরত শিক্ষকদের বেতন-ভাতা প্রদানের সর্বশেষ ১(এক) বছরের ডকুমেন্ট;
ঙ) হাসপাতালের লাইসেন্স নবায়নের হালনাগাদ কপি;
চ) হাসপাতালের বিভিন্ন ওয়ার্ডে রোগী ভর্তির সর্বশেষ ১(এক) বছরের ডকুমেন্ট;
ছ) ১৫% গরীব রোগীকে চিকিৎসা প্রদানের ১(এক) বছরের ডকুমেন্ট;
জ) হাসপাতালের বিভিন্ন ওয়ার্ডে ভর্তিকৃত রোগীদের অপারেশনের সর্বশেষ ১(এক) বছরের ডকুমেন্ট;
ঝ) কলেজের নিজস্ব নামে মোট জমির পরিমাণ উল্লেখপূর্বক দলিলের সার্টিফাইড কপি ও কলেজের নামে নামজারির কপি।

২২। বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী যথাসত্বর কলেজে যৌন হয়রানি ও নিপীড়নরোধে 'অভিযোগ কমিটি' গঠন করে গঠিত কমিটির সদস্যবৃন্দের বিস্তারিত ঠিকানাসহ নামের তালিকা নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে :

a) In all work places and educational institutions in both public and private sectors, the Concerned Authority will constitute a Complaint Committee in order to receive complaints, and to conduct investigation and make recommendations.
b) The Complaint committee will have minimum five members and majority of the members will be women. The head of the Complaint Committee should be a women, if available.
c) The Complaint Committee should have at least two members from outside the organization concerned, preferably from organization working on gender issues and sexual abuse.

২৩। উপরে বর্ণিত শর্তসমূহ পূরণ করে যথাসময়ে অবহিত করতে হবে এবং কলেজের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের অধিভুক্তি নবায়নের জন্য নির্ধারিত নবায়ন ফি ও শর্ত পূরণের বিস্তারিত বিবরণসহ শিক্ষাবর্ষ শুরুর পূর্বেই আবেদন করতে হবে। এরপর কলেজের অধিভুক্তি নবায়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

আপনার বিশ্বস্ত,

কলেজ পরিদর্শক
ঢাকা বিশ্ববিদ্যালয়